

বিদেশ ভ্রমণের জিওতে থাকতে হবে পাসপোর্ট নম্বর

- A Monitor Desk Report

Date: 30 July, 2025



ঢাকাঃ বিদেশ ভ্রমণের সরকারি আদেশে (জিও) পাসপোর্ট নম্বর উল্লেখ করার অনুরোধ জানিয়ে সব মন্ত্রণালয়কে চিঠি দিয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয়।

রবিবার (২৭ জুলাই) মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন নিয়োগ শাখা-২ এর সিনিয়র সহকারী সচিব জেতী পু সই করা এক চিঠিতে এ অনুরোধ জানানো হয়।

চিঠিতে উল্লেখ করা হয়েছে, বিভিন্ন সময় কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ ভ্রমণের সরকারি আদেশ জারি করা হচ্ছে। কিন্তু তাদের বিদেশ ভ্রমণের সরকারি আদেশে (জিও) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর পাসপোর্ট নম্বর উল্লেখ করা হচ্ছে না। সরকারি আদেশে পাসপোর্ট নম্বর উল্লেখ না থাকায় কর্মকর্তা/কর্মচারীরা কোন পাসপোর্ট ব্যবহার করে বিদেশ ভ্রমণে যাচ্ছেন তা নিশ্চিত হওয়া যাচ্ছে না।

এ প্রেক্ষিতে চিঠিতে কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ ভ্রমণের সরকারি আদেশে (জিও) পাসপোর্ট নম্বর উল্লেখ করার অনুরোধ করা হয়েছে।

-B